



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং- ০৯/২০২৪

১৩ নভেম্বর, ২০২৪

তারিখ : -----

২৮ কার্তিক, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/

পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর/আন্তর্জাতিক পেমেন্ট স্কিম।

প্রিয় মহোদয়,

অনলাইনে আয়কর পরিশোধের ক্ষেত্রে ফি/চার্জ নির্ধারণ প্রসঙ্গে।

২০২৪-২৫ করবর্ষের রিটার্ন দাখিল ও কর পরিপালন সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড গত ০৯ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ হতে অনলাইন রিটার্ন দাখিল সিস্টেম (e-Return) করদাতাদের জন্য উন্মুক্ত করেছে। e-Return সিস্টেম হতে ইন্টারনেট ব্যাংকিং, কার্ড পেমেন্ট ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) / পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) ওয়ালেট-এর মাধ্যমে করদাতাগণ আয়কর পরিশোধ করতে পারছেন। এক্ষণে, করদাতাদের অধিকতর উৎসাহ প্রদান ও অনলাইনে আয়কর পরিশোধ সহজ করার লক্ষ্যে e-Return সিস্টেম হতে কার্ড পেমেন্ট, ইন্টারনেট ব্যাংকিং ও এমএফএস/পিএসপি ওয়ালেট-এর মাধ্যমে আয়কর পরিশোধের ক্ষেত্রে ফি/চার্জ নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ

ক) বাংলাদেশে ইস্যুকৃত কার্ড ও ইন্টারনেট ব্যাংকিং ব্যবহার করে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত লেনদেনে গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি সর্বোচ্চ ২০/- (বিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্ধ্ব লেনদেন প্রতি সর্বোচ্চ ৫০/- (পঞ্চাশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) আদায় করা যাবে;

খ) এমএফএস/পিএসপি ওয়ালেট ব্যবহার করে লেনদেনে গ্রাহকের নিকট হতে লেনদেন প্রতি ১% বা সর্বোচ্চ ৩০/- (ত্রিশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত), যা নিম্নতর, আদায় করা যাবে;

গ) এ লেনদেনের বিপরীতে কোন চার্জব্যাক প্রযোজ্য হবে না।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(রাফেজা আক্তার কান্তা)

পরিচালক (পিএসডি)

ফোনঃ ৯৫৩০৩৩৪